

(নিচের প্রশ্নগুলোর উত্তর নিজ নিজ খাতায় লিখ)

উত্তরপত্র

১. নিচের শব্দগুলোর সঠিক অর্থ লিখ।

ত্রিতীয়ান্ত= ইতিহাস সংক্রান্ত

প্রসিদ্ধ= বিখ্যাত

২. নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দুটি শব্দ তৈরি করে একটি করে বাক্যে প্রয়োগ দেখাও।

ন্দ = ন+দ=সুন্দর, মন্দ (বাক্য নিজেরা তৈরি করবেন)

পঞ্চ = এঞ্চ+চ= অঞ্চল, বঞ্চনা

বিদ্রঃ শিক্ষার্থীরা যুক্তবর্ণগুলো ভেঙে নিজেদের ইচ্ছেমত সঠিক শব্দ বানিয়ে লিখে বাক্যে প্রয়োগ করতে পারবেন।

৩. নিচের বাক্যগুলো সত্য হলে ‘সত্য’ এবং মিথ্যা হলে ‘মিথ্যা’ লিখে সঠিক বাক্যটি লিখ।

ক) সোনারগাঁও নারায়নগঞ্জ জেলায় অবস্থিত। ----- **সত্য**

খ) মোঘল স্থাপত্য শৈলীর কোন নিদর্শন সোনারগাঁওয়ে নেই। ----- **মিথ্যা (আছে)**

গ) সোনারগাঁও এর সবচেয়ে সমৃদ্ধ এলাকা পানাম নগর। ----- **সত্য**

ঘ) একটি দেশের শিল্প সংস্কৃতি, ইতিহাস- ঐতিহ্যের যাবতীয় নিদর্শন জাদুঘরেই সংরক্ষিত থাকে।----- **সত্য**

৪. নিচের প্রশ্নগুলোর সঠিক উত্তর বাছাই করে লিখ।

ক) ঢাকার কোন পাশে সোনারগাঁও এর অবস্থান?

অ. পূর্ব-পশ্চিম

আ. উত্তর-দক্ষিণ

ই. দক্ষিণ- পশ্চিম

জি. দক্ষিণ-পূর্ব

খ) কারা এদেশে আসার পর দেশি কাপড়ের কদর করে যায়?

অ. উপজাতি

আ. ইংরেজ

ই. ফরাসি

জি. পর্তুগীজ

গ) এক গুম্বুজ বিশিষ্ট মসজিদ এর নাম কী?

অ. পানাম মজিজিদ

আ. গোয়ালদি মসজিদ

ই. সুবর্ণ মসজিদ

জি. সোনারগাঁও মসজিদ

ঘ) শীতের সকালের রোদুর কেমন?

অ. কড়া

আ. টক

ই. মিষ্টি

জি. তীব্র

৫. নিচের প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখ।

ক) জাদুঘর বলতে কী বোঝা? সোনারগাঁও লোকশিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতা কে? দুইটি বাক্যে লিখ।

উত্তর: একটি দেশের শিল্প-সংস্কৃতি, ইতিহাস- ঐতিহ্যের যাবতীয় নিদর্শন যেখানে সংরক্ষিত থাকে তাকেই জাদুঘর বলে।
সোনারগাঁও লোকশিল্প জাদুঘরের প্রতিষ্ঠাতা হলেন- শিল্পাচার্য জয়নুল আবেদিন।

৬. নিচের প্রশ্নের বর্ণনামূলক উত্তর লিখ ।

ক) লোকশিল্প কাকে বলে? লোকশিল্প জাদুঘর কেন প্রয়োজন? পাঁচটি বাকে লিখ ।

নমুনা উত্তর : "লোক" শব্দটির অর্থ হলো সাধারণ মানুষ । সুতরাং গ্রামীন সাধারণ মানুষের তৈরি শিল্পকে লোকশিল্প বলা হয় । অর্থাৎ গ্রামের সাধারণ মানুষ যারা দেশের আচার, ঐতিহ্য বংশ পরম্পরায় ধরে রাখার জন্য কোন কিছু সৃষ্টি করে, সভ্যতার পরিবর্তনের সাথে হারিয়ে যেতে দেয় না তাই লোকশিল্প ।

একটি দেশের শিল্প-সংস্কৃতি, ইতিহাস- ঐতিহ্যের যাবতীয় বিষয় সংক্ষরণ করার জন্য লোকশিল্প জাদুঘর যেমন প্রয়োজন তেমনি ঐ সংস্কৃতিগুলো পরবর্তী প্রজন্মের কাছে পৌছে দেয়ার জন্যও এর গুরুত্ব অপরিসীম । বর্তমানে আমাদের দেশের ঐতিহ্য সংরক্ষনের জন্য যদি কোন জাদুঘর না থাকে তাহলে সময়ের সাথে সাথে এগুলো হারিয়ে যাবে । আমাদের পরবর্তী প্রজন্মের পক্ষে তার দেশের ঐতিহ্য সম্পর্কে জানা সম্ভব হবে না । এজন্য লোকশিল্প জাদুঘর প্রয়োজন ।

বিদ্রঃ শিক্ষার্থীরা প্রশ্নোত্তরগুলো নিজেদের মত করে বুঝে বানিয়ে লিখতে পারবেন । তবে লক্ষ্য রাখতে হবে যেন লিখিত উত্তরটির তথ্যগুলো সঠিক থাকে এবং উত্তরটি প্রশ্নের সাথে সামঞ্জস্যপূর্ণ হয় ।



Test

শিক্ষক: আফরোজা তাসনিম (নিপা)

Subject Teachers' Signature

Responsible Teachers' Signature